দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

86

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে আন্দোলনরত সাধারণ ছাত্র-ছাত্রীরা "ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি" গঠন করেছে।

গতকাল ছাত্র-শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত সাধারণ ছাত্র-ছাত্রীদের এক সভায় এই কমিটি গঠন করা হয়।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

কমিটির সদস্যরা হলেনঃ সেলিম রেজা নিউটন, আহেমদ শাহীন জুয়েল, খায়রুল ইসলাম চৌধুরী রূপম, জেনাবুল ইসলাম বাবু, মাহবুবুল আলম লিটন, আহাদ, লুবনা, আবদুল্লাহ আল মামুন, কাঞ্চন, তৌহিদ এবং শাহ আলম।

সেলিম রেজা নিউটনের সভাপতিত্বে গতকালের সভায় আন্দোলনের নতুন কর্মসূচী ঘোষণা করা হয়। কর্মসূচীর মধ্যে রয়েছে ৮ আগস্ট সকাল দশটায় অপরাজেয় বাংলার সামনে জমায়েত ও মৌণ মিছিল, ১২ আগস্ট সকাল দশটায় অপরাজেয় বাংলার সামনে সমাবেশ ও বিক্ষোভ মিছিল, ১৪ আগস্ট সকাল দশটায় ভাইস চ্যান্সেলরের অফিসের সামনে অবস্থান ধর্মঘট ও স্মারকলিপি পেশ এবং ১৬ আগস্টের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার সুনির্দিষ্ট তারিখ ঘোষণা না করলে ১৭ আগস্ট প্রতীকী হলে ওঠা অভিযান।